

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৩. যিনি ইলম লিপিবদ্ধ করার অনুমতি প্রদান করেন

بَابُ مَنْ رَخَّصَ فِي كِتَابَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَعِيدٍ أَخْبَرَنَا شَرِيكٌ عَنْ لَيْثٍ عَنْ مُجَاهِدٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ قَالَ مَا يُرَغِّبُنِي فِي الْحَيَاةِ إِلَّا الصَّادِقَةُ وَالْوَهْطُ فَأَمَّا الصَّادِقَةُ فَصنَحِيفَةٌ كَتَبْتُهَا مِنْ رَسُولِ مَا يُرَغِّبُنِي فِي الْحَيَاةِ إِلَّا الصَّادِقَةُ وَالْوَهْطُ فَأَمَّا المَا الْوَهْطُ فَأَرْضٌ تَصنَدَّقَ بِهَا عَمْرُو بْنُ الْعَاصِ كَانَ يَقُومُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَمَّا الْوَهْطُ فَأَرْضٌ تَصنَدَّقَ بِهَا عَمْرُو بْنُ الْعَاصِ كَانَ يَقُومُ عَلَيْهَا

إسناده ضعيف من أجل ليث بن أبي سليم

বাংলা

৫১৩. আব্দুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, আমার জীবনের আশা জাগানো দু'টি বস্তু হলো, 'আস সাদিকা'[1] (লিখিত হাদীসের সহীফাহ) এবং 'ওয়াহতু'[2] (তায়েফের নিকটবর্তী একটি স্থান)। আর 'আস-সাদিকাহ' হলো সেই সহীফা যা আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে লিখেছিলাম। আর 'আল-ওয়াহতু' হলো: সেই জমি যা আমর ইবনুল আস রাদিয়াল্লাহু আনহু দান করেছিলেন, যেখানে তিনি অবস্থান করতেন।[3]

ফুটনোট

- [1] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে হাদীস লিপিবদ্ধ করার অনুমতি দানের ফলে ইবনু আমর রা: তাঁর হতে প্রবণকৃত সকল হাদীসের যে সহীফাটি লিখেছিলেন, সেটিই হলো 'আস-সাদিকাহ'।
- [2] প্রশান্ত ভূমি, তায়েফের নিকটবর্তী একটি স্থান, যেখানে আমর ইবনুল আস রা: এর সম্পত্তি ছিল, আমর রা: এর জন্য-ই এর মর্যাদা ছিল।
- [3] তাহকীক: এর সনদ যয়ীফ। লাইছ ইবনু আবু সালীম এর কারণে।



তাখরীজ: খতীব, তারুয়ীদুল ইলম পৃ: ৮৪, ৮৫; ইবনু আব্দুল বারর, জামি' বায়ানুল ইলম নং ৩৯৪; দেখুন মুহাদ্দিসুল ফাসিল নং ৩২৩।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন